



International Astronomical Union (IAU)
National Outreach Coordinator (NOC)
BANGLADESH

বাহ্যগ্রহের নামকরণ ২০১৯ - প্রথম ধাপ NameExoWorlds 2019

বিধিমালা:

- ১। শিক্ষার্থীরা তাদের নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও যাবতীয় প্রয়োজনীয় তথ্য Student_Form ফর্মে স্পষ্ট করে লিখবে।
- ২। বাহ্যগ্রহের ও নক্ষত্রের নামকরণের মূল বিধিমালা অবশ্যই অনুসরণ করতে হবে।
- ৩। অসম্পূর্ণ ও অস্পষ্ট তথ্য এবং নামকরণের বিধিমালা বহির্ভূত কোনোকিছু গ্রহণযোগ্য হবে না।
- ৪। নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের জনপ্রিয় বা বিজ্ঞান শিক্ষকের কিংবা অধ্যক্ষ/প্রধান-শিক্ষকের কাছ থেকে একটি স্বাক্ষর সংগ্রহ করতে হবে। তিনি প্রত্যয়ন করবেন যে শিক্ষার্থী ঐ প্রতিষ্ঠানটির ছাত্র-ছাত্রী কিনা, সে নিজে থেকে নাম প্রস্তাব করেছে কিনা ইত্যাদি।
- ৫। প্রস্তাবিত নাম জাতীয় কমিটির নিকট উল্লেখিত ঠিকানায় পাঠাতে হবে ১৭ই সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে।

ঠিকানা:

বাহ্যগ্রহের নামকরণ জাতীয় কমিটি
শেলটেক নিরিবিলি, ২১০/২ এলিফেন্ট রোড, ঢাকা-১২০৫

সকল তথ্য ও যোগাযোগের জন্য চোখ রাখুন: facebook.com/IAU-Name-Exoworld-Bangladesh-100859487940523/, facebook.com/groups/astronomyschool/

সকল ফর্মের জন্য: <http://spsb.org/name-your-own-exoplanet/>

Prof. Farseeem M. Mohammedy

Department of Electrical and Electronic Engineering, Bangladesh University of Engineering and Technology (B.U.E.T)
Dhaka-1205, BANGLADESH

Phone (+880) 2-9665650-80, ext:6560

Mobile (+880) 17 1504 4474

E-mail farseeemm@gmail.com



IAU কর্তৃক নির্ধারিত নামকরণের নিয়মাবলিঃ

আন্তর্জাতিক জ্যোতির্বিজ্ঞান সংস্থা (IAU) এই কর্মসূচিটির মাধ্যমে নতুন এক্সোপ্লানেট বা বাহ্যগ্রহ (সূর্য ব্যাতিত অন্যান্য নক্ষত্রের গ্রহ) এবং যে নক্ষত্রটির চতুষ্পার্শ্বে সে ঘুরছে তার উপযুক্ত নামকরণের প্রচেষ্টা চালাচ্ছে।

প্রস্তাবিত নামগুলো সাংস্কৃতিক, ঐতিহাসিক কিংবা ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ কোনো বস্তু, মানুষ কিংবা স্থানের নামে হওয়া বাঞ্ছনীয়।

নক্ষত্র এবং গ্রহটি আকাশের যে মণ্ডলে অবস্থিত, তার সাথে সামঞ্জস্য রেখে নামকরণ করলে ভাল, যদিও তা আবশ্যিক নয়।

অংশগ্রহণকারীকে একসঙ্গে দুটি নাম প্রস্তাব করতে হবে, একটি নক্ষত্রটির অপরটি গ্রহটির জন্য।

দুটি নামের মূলভাব একই হতে হবে, যার যৌক্তিক কারণ দু-একটি বাক্যের মধ্যে লিখে প্রস্তাবিত নামের সাথে সংযুক্ত করতে হবে। এমন একটি মূলভাব নির্বাচন করলে ভাল, যা পরবর্তীতেও উক্ত নক্ষত্রজগতের নতুন কোনো গ্রহের নামকরণেও সহায়ক হবে। যেমনঃ 'ক' দেশের নদী।

১। প্রস্তাবিত নামগুলো (ভাষান্তরের পর):

- ল্যাটিন অক্ষরে ৪ থেকে ১৬ অক্ষরের মধ্যে হতে হবে (বিরাম ও যতিচিহ্ন সহ)।
- এক শব্দের (অধিকতর গ্রহণযোগ্য) হতে হবে।
- উচ্চারণযোগ্য হতে হবে।
- অবমাননাকর হওয়া যাবে না।
- কোনো জ্যোতিষ্কের বর্তমান নামের সাথে মিল থাকা যাবে না। নিচের লিংকগুলোতে এরই মধ্যে বিভিন্ন জ্যোতিষ্কের যেসব নাম রয়েছে তা পাওয়া যাবেঃ

- বিভিন্ন গ্রহাণুর বর্তমান নামঃ http://www.minorplanetcenter.net/db_search
- গ্যালাক্টিক ও এক্সট্রাগ্যালাকটিক বস্তুসমূহের নামঃ <http://cds.u-strasbg.fr/cgi-bin/Sesame>
- গ্রহ, বামন গ্রহ এবং উপগ্রহের নামঃ <https://planetarynames.wr.usgs.gov/Page/Planets>
- নক্ষত্রের নামঃ https://www.iau.org/public/themes/naming_stars/
- বাহ্যগ্রহের নামঃ <http://nameexoworlds.iau.org/names>

Prof. Farseeem M. Mohammedy

Department of Electrical and Electronic Engineering, Bangladesh University of Engineering and Technology (B.U.E.T)
Dhaka-1205, BANGLADESH

Phone (+880) 2-9665650-80, ext:6560

Mobile (+880) 17 1504 4474

E-mail farseeemm@gmail.com



**International Astronomical Union (IAU)
National Outreach Coordinator (NOC)
BANGLADESH**

○ আরও যেসকল নাম প্রস্তাব করা যাবে না :

- সম্পূর্ণ বা প্রধানত বাণিজ্যিক কোনো নাম।
- মূলত রাজনৈতিক, সামরিক বা ধর্মীয় কর্মকাণ্ডের কারণে পরিচিত এমন কোনো ব্যক্তি, স্থান বা ঘটনার নাম।
- বিগত একশ বছরের (১৯১৯) মধ্যে মারা গেছেন এমন কোনো ব্যক্তির নাম।
- জীবিত কোনো ব্যক্তির নাম।
- নামকরণ প্রক্রিয়ার সাথে জড়িত কোনো সংস্থার নাম।
- পোষা প্রাণীর নাম।
- নতুন আবিষ্কৃত কোনো নাম।
- সংক্ষেপিত নাম, যেমনঃ নাসা।
- কোনো সংখ্যা বা যতিচিহ্নযুক্ত নাম।

২। যেসকল নাম কোনো ট্রেডমার্ক দ্বারা সংরক্ষিত নয় কিংবা কোনো ধরনের মেধাস্বত্বের আওতাধীন নয় শুধুমাত্র সেগুলোই প্রস্তাব করা যাবে।

৩। প্রস্তাবিত সকল নামের সাথে ইংরেজি ভাষায় অনধিক ১০০ শব্দের মধ্যে একটি সাইটেশন যুক্ত করতে হবে।

৪। আন্তর্জাতিক জ্যোতির্বিজ্ঞান সংস্থা (IAU) এ-সম্পর্কিত পরিচালনা পর্ষদ উপরোক্ত নির্দেশাবলি অনুযায়ী নাম বাছাই করবে।

৫। যদিও নক্ষত্র এবং গ্রহের বিজ্ঞানভিত্তিক নামকরণ জনসাধারণের দেওয়া এই নাম দ্বারা প্রতিস্থাপিত হবে না, কিন্তু এই নাম (ভোটের মাধ্যমে বাছাই করা) আন্তর্জাতিক জ্যোতির্বিজ্ঞান সংস্থা কর্তৃক স্বীকৃত নাম হিসেবে সর্বস্তরে ব্যবহৃত হবে এবং নামদাতার পরিচয়ও প্রচার করা হবে। এই বাছাইকৃত নামটি ভবিষ্যতে কোনো ধরনের বাধা ছাড়াই স্থায়ীভাবে আন্তর্জাতিক পরিমণ্ডলে ব্যবহার করা যাবে।

Prof. Farseem M. Mohammedy

Department of Electrical and Electronic Engineering, Bangladesh University of Engineering and Technology (B.U.E.T)
Dhaka-1205, BANGLADESH

Phone (+880) 2-9665650-80, ext:6560

Mobile (+880) 17 1504 4474

E-mail farseemm@gmail.com

